

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
সরকারী আবাসন পরিদপ্তর
ডি শ্রেণি বরাদ্দ
www.doga.gov.bd

তারিখ: ২৮ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
১৩ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ২৫.৪৩.০০০০.০০০.০০৪.১৮.০০০৪.২১.৭

বিষয়: স্বয়ংক্রিয় পদ্ধতিতে বরাদ্দের জন্য মিরপুর-১, পাইকপাড়া ডি-২ শ্রেণির ২৭.০২.২০২৫ তারিখে প্রকাশিত জ্যেষ্ঠতা তালিকার ক্রমিক নং ৩০১-৪০০ পর্যন্ত প্রার্থীদের প্রয়োজনীয় তথ্যাদি প্রেরণ।

সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সরকারি আবাসন পরিদপ্তর এর স্বয়ংক্রিয় বাসা বরাদ্দের জন্য ২৭ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে মিরপুর-১ পাইকপাড়া ডি-২ শ্রেণির জ্যেষ্ঠতা তালিকা প্রকাশ করা হয়েছে। প্রকাশিত তালিকা www.bashaonline.com ওয়েবসাইটে লগইন করে দেখা যাবে। বাসা প্রাপ্তির জন্য প্রার্থীগণকে (ক্রমিক নং ৩০১- ৪০০) আগামী ১৬ মার্চ ২০২৫ তারিখ হতে ১৯ মার্চ ২০২৫ তারিখের মধ্যে নিম্নবর্ণিত কাগজপত্রাদি নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে নিম্নবর্ণিত ঠিকানায় দাখিলের জন্য অনুরোধ করা হলো।

সেবা ডেস্ক, সরকারি আবাসন পরিদপ্তর,
বাংলাদেশ সচিবালয় ২ নং গেট (অভ্যর্থনা কক্ষের বাইরে),
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দাখিলীয় কাগজপত্রাদি

- ১। জাতীয় পরিচয়পত্রের কপি (১ কপি)
- ২। পে-ফিক্সেশন (১ কপি)
- ৩। হালনাগাদ বেতন বিবরণী (আইবাস++ এর কপি) (১ কপি)
- ৪। ডি-২ শ্রেণির বাসা প্রাপ্তির যোগ্যতা অর্জনের তারিখ সংবলিত প্রমাণক (১ কপি)

বিশেষ দৃষ্টব্য:

- ১। ডি-২ শ্রেণির বাসা বরাদ্দের জন্য জ্যেষ্ঠতার ক্রমিক ৩০১ হতে ৪০০ পর্যন্ত উল্লিখিত আবেদনকারীগণ বর্ণিত কাগজপত্রাদি দাখিল করবেন।
- ২। দাখিলের সময় খামের উপর প্রদত্ত ফলে নিজ অবস্থানের ক্রমিক নম্বর উল্লেখ করতে হবে।
- ৩। উল্লিখিত সকল কাগজপত্রাদি উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়নকৃত হতে হবে।
- ৪। অনলাইনে দাখিলকৃত তথ্যাদির প্রমাণক হিসেবে সংযুক্ত কাগজপত্রাদি উল্লিখিত কাগজপত্রাদির (হার্ডকপি) অনুরূপ না হলে স্বয়ংক্রিয় পদ্ধতিতে বাছাইকৃত প্রার্থী বাসা বরাদ্দ প্রাপ্তির ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবে।
- ৫। বরাদ্দপ্রাপক ব্যক্তি বরাদ্দ প্রাপ্তির ১০ (দশ) দিনের মধ্যে অথবা বরাদ্দপত্রে উল্লিখিত তারিখের মধ্যে দখল গ্রহণ না করিলে স্বয়ংক্রিয়ভাবে বরাদ্দ বাতিল হবে।
- ৬। বরাদ্দপ্রাপক নিজে দখল গ্রহণ না করে অন্য কাউকে অনাপত্তি/সুপারিশ প্রদান করলে তার বরাদ্দ বাতিল বলে গণ্য হবে এবং ভবিষ্যতে ২ (দুই) বছরের জন্য বরাদ্দ প্রক্রিয়ায় অংশগ্রহণ হতে বঞ্চিত হবেন।

১৩-০৩-২০২৫
মোঃ শহীদুল ইসলাম ভূঞা
পরিচালক
+৮৮০২৫৫১০১০৩৭ (ফোন)
০২-৯৫৪৬৪৬৩ (ফ্যাক্স)
director@dog.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব/সচিব (সকল)।
- ২। রেজিস্ট্রার/মহাপরিচালক/চেয়ারম্যান/নির্বাহী পরিচালক/ব্যবস্থাপনা পরিচালক/প্রধান প্রকৌশলী/পরিচালক(সকল)/অধিদপ্তর/দপ্তর/সংস্থা।

স্মারক নম্বর: ২৫.৪৩.০০০০.০০০.০০৪.১৮.০০০৪.২১.৭/১ (৭)

তারিখ: ২৮ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
১৩ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন-২ অনুবিভাগ), প্রশাসন অনুবিভাগ, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
- ২। সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), সচিবের দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
- ৩। অফিস ফ্রন্টডেস্ক, আইসিটি শাখা, সরকারী আবাসন পরিদপ্তর।
- ৪। পরিচালকের ব্যক্তিগত সহকারী, পরিচালকের দপ্তর, সরকারী আবাসন পরিদপ্তর।
- ৫। অতিরিক্ত পরিচালকের ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত পরিচালকের দপ্তর, সরকারী আবাসন পরিদপ্তর।
- ৬। উপ-পরিচালক (সকল), সরকারি আবাসন পরিদপ্তর।
- ৭। সহকারী পরিচালক (সকল), সরকারি আবাসন পরিদপ্তর।



১৩-০৩-২০২৫
বিলাল হোসাইন
সহকারী পরিচালক ডি-২ শ্রেণি (উত্তরা, বনানী ও
মিরপুর এলাকা)